

## SSC Physics

অধ্যয়নভিত্তিক কন্সেন্ট-২০২৩

অধ্যায়-১: ভৌত রাশি ও পরিমাপ

### প্রয়োজনীয় তথ্য:

- **পদার্থবিজ্ঞান** : বিজ্ঞানের যে শাখায় পদার্থ ও শক্তি নিয়ে আলোচনা করা হয় সেই শাখাকে বলে পদার্থবিজ্ঞান। পদার্থবিজ্ঞানের মূল লক্ষ্য হচ্ছে পর্যবেক্ষণ, পরীক্ষণ ও বিশ্লেষণের আলোকে বস্তু ও শক্তির রূপান্তর ও সম্পর্ক উদ্ঘাটন এবং পরিমাণগতভাবে তা প্রকাশ করা।
- **পদার্থবিজ্ঞানের ক্রমবিকাশ** : খ্রিস্টপূর্ব ৬২৫ থেকে ২১২ খ্রিস্টাব্দ পর্যন্ত সময়কে পদার্থবিজ্ঞানের প্রাচীনকাল বলা হয়। এ সময়ে যেসব বিজ্ঞানী পদার্থবিজ্ঞান বিকাশে অবদান রাখেন তারা হলেন :
  ১. **থেলিস (খ্রিস্টপূর্ব ৬২৪-৫৬৯)** : প্রাচীন গ্রিক ও রোম সাম্রাজ্যে থেলিস সূর্যগ্রহণ সম্পর্কিত ভবিষ্যদ্বাণীর জন্য বিখ্যাত ছিলেন। তিনি লোডেস্টোনের চৌম্বক ধর্ম সম্পর্কেও জানতেন।
  ২. **পিথাগোরাস (খ্রিস্টপূর্ব ৫২৭-৪৯৭)** : বিজ্ঞানের ইতিহাসে একটি স্মরণীয় নাম পিথাগোরাস। তিনি বিজ্ঞান, ধর্ম, গণিত ও সংগীত, ভেষজ বিজ্ঞান ও বিশ্বতত্ত্ব, শরীর, মন ও আত্মা সবকিছুকেই গাণিতিক সূত্রের সাহায্যে প্রকাশ করতে চেয়েছিলেন। তিনি আগুন, পানি, মাটি ও বায়ু-এ চারটি মৌলের ধারণা দিয়েছিলেন। বর্তমানে বাদ্যযন্ত্র ও সংগীত বিষয়ক যে স্কেল রয়েছে তাতে তার আংশিক অবদান রয়েছে।
  ৩. **ডেমোক্রিটাস (খ্রিস্টপূর্ব ৪৬০-৩৭০)** : খ্রিস্টের জন্মের চারশত বছর আগে গ্রিক দার্শনিক ডেমোক্রিটাস পরমাণুর প্রাথমিক ধারণা দেন।
  ৪. **আর্কিমিডিস (খ্রিস্টপূর্ব ২৮৭-২১২)** : বিখ্যাত গ্রিক গণিতবিদ আর্কিমিডিস লিভারের নীতি ও তরলে নিমজ্জিত বস্তুর ওপর ক্রিয়াশীল উর্ধ্বমুখী বলের সূত্র আবিষ্কার করে ধাতুর ভেজাল নির্ণয় করতে সমর্থ হন। তিনি গোলীয় দর্পণের সাহায্যে সূর্যরশ্মি কেন্দ্রীভূত করে আগুন ধরানোর কৌশলও জানতেন।
  ৫. **ইবনে আল হাইথাম (৯৬৫-১০৩৯) ও আল হাজেন (৯৬৫-১০৩৮)** : আলোক তত্ত্বের ক্ষেত্রে ইবনে আল হাইথাম ও আল হাজেনের অবদান বিশেষ উল্লেখযোগ্য। আল হাজেন টলেমির মতবাদের বিরোধিতা করেন এবং মত প্রকাশ করেন যে, বস্তু থেকে আলো আমাদের চোখে আসে বলেই আমরা বস্তুকে দেখতে পাই। প্রসারণ সম্পর্কে টলেমির স্থূল সূত্র সম্পর্কে তিনি বলেন যে, আপতন কোণ প্রতিসরণ কোণের সমানুপাতিক এটি শুধু ক্ষুদ্র কোণের বেলায় সত্য।
  ৬. **আল-মাসুদী (৮৯৬-৯৫৬)** : আল-মাসুদী প্রকৃতি ইতিহাস বিষয়ে একটি এনসাইক্লোপিডিয়া লেখেন। এ গ্রন্থে উইন্ডমিল বা বায়ুকলের উল্লেখ আছে। বর্তমানে পৃথিবীর অনেক দেশে এ বায়ুকলের সাহায্যে তড়িৎ শক্তি উৎপাদন করা হচ্ছে।
- **মধ্যযুগে পদার্থবিজ্ঞানের বিকাশ** : রজার বেকন (১২১৪-১২৯৪) ছিলেন পরীক্ষামূলক বৈজ্ঞানিক পদ্ধতির প্রবক্তা। তাঁর মতে, পর্যবেক্ষণ ও পরীক্ষার মাধ্যমেই বিজ্ঞানের সব সত্য যাচাই করা উচিত।
  ১. **লিউনাদো দ্য ভিঞ্চি (১৪৫২-১৫১৯)** : পাখির ওড়া পর্যবেক্ষণ করে উড়োজাহাজের একটি মডেল তৈরি করেছিলেন।
  ২. **ডা. গিলবার্ট (১৫৪০-১৬০৩)** : চুম্বকত্ব নিয়ে গবেষণা ও তত্ত্ব প্রদান করেন।
  ৩. **স্নেল (১৫৯১-১৬২৬)** : আলোর প্রতিসরণের সূত্র আবিষ্কার করেন।
  ৪. **হাইগেন (১৬২৬-১৬৯৫)** : দোলকের গতি পর্যালোচনা, ঘড়ির যান্ত্রিক কৌশলের বিকাশ ও আলোর তরঙ্গতত্ত্ব উদ্ভাবন করেন।
  ৫. **রবার্ট হুক (১৬৩৫-১৭০৩)** : পদার্থের স্থিতিস্থাপক ধর্মের অনুসন্ধান করেন।
  ৬. **ভন গুয়েরিক (১৬০২-১৬৮৬)** : বায়ু পাম্প আবিষ্কার করেন।
  ৭. **রোমার (১৬৪৪-১৭১০)** : বৃহস্পতির একটি উপগ্রহের পর্যবেক্ষণ করে আলোর বেগ পরিমাপ করেন।
  ৮. **কেপলার (১৫৭১-১৬৩০)** : সৌরজগতের প্রচলিত বৃত্তাকার কক্ষপথের পরিবর্তে উপবৃত্তাকার কক্ষপথ কল্পনা করেন।
  ৯. **গ্যালিলিও (১৫৬৪-১৬৪২)** : সরণ, গতি, ত্বরণ, সময় ইত্যাদির সংজ্ঞা প্রদান ও এদের মধ্যে সম্পর্ক নির্ণয় করেন এবং বস্তুর পতনের নিয়ম আবিষ্কার ও সূত্রবিদ্যার ভিত্তি স্থাপন করেন।
  ১০. **স্যার আইজ্যাক নিউটন (১৬৪২-১৭২৭)** : বলবিদ্যা ও বলবিদ্যার বিখ্যাত তিনটি সূত্র আবিষ্কার করেন। আলোক, তাপ ও শব্দ বিজ্ঞানেও তাঁর অবদান রয়েছে। গণিতের নতুন শাখা ক্যালকুলাসও তার আবিষ্কার।
- **অষ্টাদশ ও ঊনবিংশ শতাব্দীর আবিষ্কার ও উদ্ভাবন**
  ১. **হ্যান্স ক্রিষ্টিয়ান ওয়েরস্টেড (১৭৭৭-১৮৫১)** : তড়িৎ প্রবাহের চৌম্বক ক্রিয়া আবিষ্কার করেন।
  ২. **মাইকেল ফ্যারাডে (১৭৯১-১৮৬৭), হেনরী (১৭৯৭-১৮৭৯) ও লেঞ্জ (১৮০৪-১৮৬৫)** : চৌম্বক ক্রিয়ার তড়িৎপ্রবাহ উৎপাদন করে যান্ত্রিক শক্তিকে তড়িৎ শক্তিতে রূপান্তর প্রক্রিয়া আবিষ্কার করেন।

৩. জেমস ক্লার্ক ম্যাক্সওয়েল (১৮৩১-১৮৭৯) : আলোর তড়িৎ চুম্বকীয় তত্ত্বের বিকাশ ঘটান।

৪. মার্কনী (১৮৭৪-১৯৩৭) : বেতার যন্ত্র আবিষ্কার করেন।

৫. বেকেরেল (১৮৫২-১৯০৮) : ইউরেনিয়ামের তেজস্ক্রিয়তা আবিষ্কার করেন।

৬. রনজেন (১৮৪৫-১৯২৩) : এক্সরে আবিষ্কার করেন।

৭. ম্যাক্স পর্যাঙ্ক (১৮৫৮-১৯৪৭) : কোয়ান্টাম তত্ত্ব প্রদান করেন।

৮. আর্নেস্ট রাদারফোর্ড (১৮৭১-১৯৩৭) : পরমাণু বিষয়ক নিউক্লীয় তত্ত্ব প্রদান করেন।

৯. আলবার্ট আইনস্টাইন (১৮৭৯-১৯৫৫) : আপেক্ষিক তত্ত্ব প্রদান করেন।

১০. নীলস বোর (১৮৮৫-১৯৬২) : হাইড্রোজেন পরমাণুর ইলেকট্রন স্তরের ধারণা দেন।

১১. ওটো হান (১৮৭৯-১৯৬৮) ও স্ট্রেনসম্যান (১৯০২-১৯৮০) : তারা আবিষ্কার করেন পরমাণু ফিশনযোগ্য।

- সত্যতার বিবর্তনে পদার্থবিজ্ঞানের অবদান : আধুনিক সত্যতার বিবর্তনে পদার্থবিজ্ঞানের অবদান অপরিসীম। মানবসভ্যতার বিবর্তনে বিজ্ঞানের যে অবদান, তার বিপুল অংশ এ পদার্থবিজ্ঞানের অবদান। দৈনন্দিন জীবনের বিভিন্ন আরাম আয়েশ থেকে শুরু করে জাতীয় জীবনে বিভিন্ন উন্নতিতে পদার্থবিজ্ঞানের অবদান অপরিসীম। এ মহাবিশ্বকে হাতের মুঠোয় এনে বিবর্তনের ধারাকে অব্যাহত রাখতে পদার্থবিজ্ঞানের ভূমিকা অগ্রগণ্য।

- মৌলিক রাশি : যেসব রাশি স্বাধীন বা নিরপেক্ষ যোগুলো অন্য রাশির ওপর নির্ভর করে না বরং অন্যান্য রাশি এদের ওপর নির্ভর করে তাদের মৌলিক রাশি বলে। মাপ-জোখের ক্ষেত্রে বিজ্ঞানীরা ৭টি রাশিকে মৌলিক রাশি হিসেবে চিহ্নিত করেছেন। যেমন : ১. দৈর্ঘ্য, ২. ভর, ৩. সময়, ৪. তাপমাত্রা, ৫. তড়িৎপ্রবাহ, ৬. দীপন তীব্রতা, ৭. পদার্থের পরিমাণ।

লক্ষ রাশি : যে সকল রাশি মৌলিক রাশির ওপর নির্ভর করে বা মৌলিক রাশি থেকে লাভ করা যায় তাদের লক্ষ রাশি বলে। বেগ, ত্বরণ, বল, কাজ, তাপ, বিভব ইত্যাদি।

- পরিমাপের একক : যে আদর্শ পরিমাণের সাথে তুলনা করে কোনো ভৌত রাশির পরিমাণ নির্ণয় করা হয় তাকে পরিমাপের একক বলে। মিটার, কিলোগ্রাম, সেকেন্ড ইত্যাদি পরিমাপের এককের উদাহরণ।

- এস আই (SI) এর মৌলিক এককসমূহ :

দৈর্ঘ্যের একক মিটার (m) : শূন্যস্থানে আলো সেকেন্ডে যে দূরত্ব অতিক্রম করে তাকে 1 মিটার (m) বলে।

ভরের একক কিলোগ্রাম (kg) : ফ্রান্সের স্যাদ্রেতে ইন্টারন্যাশনাল ব্যুরো অব ওয়েটস্ অ্যান্ড মেজারসে রক্ষিত প্লাটিনাম-ইরিডিয়াম সংকর ধাতুর তৈরি একটি সিলিভারের ভরকে 1 কিলোগ্রাম (kg) বলে। এ সিলিভারটির ব্যাস 3.9 cm এবং উচ্চতা 3.9 cm।

সময়ের একক সেকেন্ড (s) : একটি সিজিয়াম 133 পরমাণুর 9 192 631 770 টি স্পন্দন সম্পন্ন করতে যে সময় লাগে তাকে 1 সেকেন্ড (s) বলে।

তাপমাত্রার একক কেলভিন (K) : পানির ত্রৈধ বিন্দুর তাপমাত্রার ভাগকে 1 কেলভিন (K) বলে।

তড়িৎ প্রবাহের একক অ্যাম্পিয়ার (A) : শূন্যস্থানে 1 মিটার দূরত্বে অবস্থিত অসীম দৈর্ঘ্যের এবং উপেক্ষণীয় বৃত্তাকার প্রস্থচ্ছেদের দুটি সমান্তরাল সরল পরিবাহীর প্রত্যেকটিতে যে পরিমাণ তড়িৎ প্রবাহ চললে পরস্পরের মধ্যে প্রতি মিটার দৈর্ঘ্যে  $2 \cdot 10^{-7}$  নিউটন বল উৎপন্ন হয় তাকে 1 অ্যাম্পিয়ার (A) বলে।

দীপন তীব্রতার একক ক্যান্ডেলা (Cd) : ক্যান্ডেলা হচ্ছে সেই পরিমাণ দীপন তীব্রতা যা কোনো আলোক উৎস একটি নির্দিষ্ট দিকে  $540 \cdot 10^{12}$  হার্জ কম্পাঙ্কের একবর্ণী বিকিরণ নিঃসরণ করে এবং ওই নির্দিষ্ট দিকে তার বিকিরণ তীব্রতা হচ্ছে প্রতি স্টেরেডিয়ান ঘনকোণে ওয়াট।

পদার্থের পরিমাণের একক মোল : যে পরিমাণ পদার্থে 0.012 কিলোগ্রাম কার্বন 12 এ অবস্থিত পরমাণুর সমান সংখ্যক প্রাথমিক ইউনিট (যেমন : পরমাণু, অণু, আয়ন, ইলেকট্রন ইত্যাদি বা এগুলোর নির্দিষ্ট কোনো গ্রুপ) থাকে তাকে 1 মোল (mol) বলে।

- মাত্রা : কোনো ভৌত রাশিতে উপস্থিত মৌলিক রাশিগুলোর সূচককে রাশিটির মাত্রা বলে।

যেমন : বল = ভর  $\cdot$  ত্বরণ = ভর  $\cdot$  = ভর  $\cdot$  ।

দৈর্ঘ্যের মাত্রা L, ভরের মাত্রা M, সময়ের মাত্রা T বসালে বলের মাত্রা পাওয়া যাবে। বা,  $MLT^{-2}$ ।

- মিটার স্কেল : পরীক্ষাগারে দৈর্ঘ্য পরিমাপের সবচেয়ে সরল যন্ত্র হলো মিটার স্কেল। এর দৈর্ঘ্য 1 মিটার বা 100 সেন্টিমিটার।
- ভার্নিয়ার স্কেল : সাধারণ মিটার স্কেলে আমরা মিলিমিটার পর্যন্ত দৈর্ঘ্য মাপতে পারি। এ স্কেলের ক্ষুদ্রতম ভাগের ভগ্নাংশের নির্ভুল পরিমাপের জন্য প্রধান স্কেলের পাশে যে ছোট আর একটি স্কেল ব্যবহার করা হয় তাকে ভার্নিয়ার স্কেল বলে।
- ভার্নিয়ার ধুবক : প্রধান স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের চেয়ে ভার্নিয়ার স্কেলের একভাগ যতটুকু ছোট তার পরিমাণকে বলা হয় ভার্নিয়ার ধুবক (Vernier Constant)। একে VC দ্বারা প্রকাশ করা হয়।  
ভার্নিয়ার ধুবক,  $VC = =$

- **স্লাইড ক্যালিপার্স** : যে যন্ত্রের সাহায্যে গোলকের ব্যাস এবং আয়তন নির্ণয় করা যায় তাকে স্লাইড ক্যালিপার্স বলে। স্লাইড ক্যালিপার্স একটি উন্নত ধরনের ভার্নিয়ার স্কেল।  
বস্তুর দৈর্ঘ্য, চোঙ বা বেলনের উচ্চতা, ফাঁপা নলের অন্তর্ব্যাস ও বহির্ব্যাস, গোলকের আয়তন নির্ণয় তথা ব্যাস, আয়তাকার বস্তুর আয়তন, সিলিন্ডার বা চোঙ বা বেলনের উচ্চতা ইত্যাদি নির্ণয়ে স্লাইড ক্যালিপার্স ব্যবহৃত হয়।
- **স্ক্রু গজ** : যে যন্ত্রে সম ব্যাসার্ধের একটি স্ক্রু থাকে তাকে স্ক্রু গজ বলে। এর অপর নাম মাইক্রোমিটার।  
স্ক্রু গজের সাহায্যে নিম্নলিখিত কাজগুলো করা যায়—  
১. খুব সূক্ষ্ম দৈর্ঘ্য মাপা যায়;  
২. তারের ব্যাস নির্ণয় করা যায়;  
৩. পাতের পুরুত্ব নির্ণয় করা যায়;  
৪. সরু চোঙের ব্যাসার্ধ নির্ণয় করা যায়।
- **লঘিষ্ঠ গণন** : স্ক্রু গজের বৃত্তাকার স্কেলের মাত্র একভাগ ঘুরালে তার T-এর প্রান্ত বা স্ক্রুটি যতটুকু সরে আসে তাকে বলা হয় যন্ত্রের লঘিষ্ঠ গণন বা লঘিষ্ঠমান। স্ক্রু গজের বৃত্তাকার স্কেলটিকে একবার ঘুরালে

এর যতটুকু সরণ ঘটে এবং রৈখিক স্কেল বরাবর যে দৈর্ঘ্য অতিক্রম করে তাকে ঐ যন্ত্রের দৌড় বা পিচ বলে। যন্ত্রের পিচকে বৃত্তাকার স্কেলের সংখ্যা দ্বারা ভাগ করলে লঘিষ্ঠ মান পাওয়া যায়।  
সুতরাং, লঘিষ্ঠ গণন = ।

- **যান্ত্রিক ত্রুটি** : সঠিকভাবে পরিমাপ করা সত্ত্বেও যন্ত্রের যে ত্রুটির কারণে কোনো বস্তুর সঠিক পরিমাণ পাওয়া যায় না তাকে ঐ যন্ত্রের যান্ত্রিক ত্রুটি বলে। একে  $\pm e$  দ্বারা প্রকাশ করা হয়।

**স্লাইড ক্যালিপার্সের বেত্র** : মূল স্কেলের চোয়াল ও ভার্নিয়ার স্কেলের চোয়াল যখন লেগে থাকে তখন সাধারণত ভার্নিয়ার স্কেলের শূন্য দাগ প্রধান স্কেলের শূন্য দাগের সাথে মিলে যায়। যদি ভার্নিয়ার স্কেলের ও মূল স্কেলের শূন্য দাগ না মিলে তবে ঐ যন্ত্রে যান্ত্রিক ত্রুটি রয়েছে বলে মনে করা হয়।

**স্ক্রু গজের বেত্র** : বৃত্তাকার স্কেলের শূন্য দাগ যখন রৈখিক স্কেলের শূন্য দাগের সাথে না মিলে তবে ধরে নিতে হবে যন্ত্রে ত্রুটি রয়েছে। এ ত্রুটিকে যান্ত্রিক ত্রুটি বলা হয়।

যান্ত্রিক ত্রুটি দু'প্রকার। যথা : ধনাত্মক ও ঋণাত্মক ত্রুটি।

**ধনাত্মক ত্রুটি** : মূল স্কেলের চোয়াল ও ভার্নিয়ার স্কেলের চোয়াল পরস্পর লেগে থাকলে যদি ভার্নিয়ার স্কেলের শূন্য দাগ মূল স্কেলের শূন্য দাগের ডানদিকে থাকে তবে তাকে ধনাত্মক ত্রুটি বলে। এক্ষেত্রে সঠিক পরিমাপের জন্য আপাত পরিমাপ থেকে যান্ত্রিক ত্রুটি বাদ দিতে হয়। অর্থাৎ সঠিক পরিমাপ = আপাত পরিমাপ - ধনাত্মক ত্রুটি।

**ঋণাত্মক ত্রুটি** : মূল স্কেলের চোয়াল এবং ভার্নিয়ার স্কেলের চোয়াল পরস্পর লেগে থাকলে যদি ভার্নিয়ার স্কেলের শূন্য দাগ মূল স্কেলের শূন্য দাগের বাম দিকে থাকে তবে তাকে ঋণাত্মক ত্রুটি বলে। এক্ষেত্রে আপাত পরিমাপের সাথে যান্ত্রিক ত্রুটি যোগ করে সঠিক পরিমাপ পাওয়া যায়। অর্থাৎ সঠিক পরিমাপ = আপাত পরিমাপ + ঋণাত্মক ত্রুটি।

**তুলা যন্ত্র** : কোনো অল্প জিনিসের ভর সূক্ষ্মভাবে পরিমাপের জন্য যে যন্ত্র ব্যবহৃত হয় তাকে তুলা যন্ত্র বলে। তুলা যন্ত্র পদার্থবিদ্যা ও রসায়নে

ল্যাবরেটরিতে কোনো অল্প জিনিসের ভর সূক্ষ্মভাবে পরিমাপের জন্য ব্যবহৃত হয়।

## অধ্যায়-১: ভৌত রাশি ও পরিমাপ

**প্রশ্ন ১** একটি দৃষ্টকোণ স্কেল ক্যালিপার্সে স্থাপনের পর যে পাঠ পাওয়া গেলো তা হচ্ছে প্রধান স্কেল পাঠ 4 cm, ভার্নিয়ার সমপাতন 7 এবং ভার্নিয়ার ধ্রুবক 0.1 mm। পরিবর্তন করে ভার্নিয়ার স্কেলের 20 ভাগ প্রধান স্কেলের ক্ষুদ্রতম 19 ভাগের সমান করা হলো।

[সরকারি পি.এন. বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]

- ক. ভার্নিয়ার ধ্রুবক কাকে বলে? ১
- খ. দীপন তীব্রতার একক কী? বুঝিয়ে লিখ। ২
- গ. দৃষ্টকোণ দৈর্ঘ্য নির্ণয় করো। ৩
- ঘ. ভার্নিয়ার স্কেলের ভাগ সংখ্যার পরিবর্তনের সাথে দৃষ্টকোণ দৈর্ঘ্যের কীরূপ তারতম্য হবে— গাণিতিকভাবে দেখাও। ৪

### ১ নং প্রশ্নের উত্তর

**ক** মূল স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের চেয়ে ভার্নিয়ার স্কেলের এক ভাগ যতটুকু ক্ষুদ্রতর সে পরিমাণকে দৈর্ঘ্য পরিমাপক যন্ত্রের ভার্নিয়ার ধ্রুবক বলে।

**খ** দীপন তীব্রতার একক ক্যান্ডেলা (Cd)।

ক্যান্ডেলা হচ্ছে সেই পরিমাণ দীপন তীব্রতা যা কোনো আলোক উৎস একটি নির্দিষ্ট দিকে  $540 \times 10^{12}$  Hz কম্পাংকের একবর্ণী বিকিরণ নিঃসরণ করে এবং ঐ নির্দিষ্ট দিকে তার বিকিরণ তীব্রতা হচ্ছে প্রতি স্টেরেডিয়ান ঘনকোণে  $\frac{1}{683}$  ওয়াট।

**গ** দেওয়া আছে

প্রধান স্কেল পাঠ,  $M = 4$  cm

ভার্নিয়ার সমপাতন,  $V = 7$

ভার্নিয়ার ধ্রুবক,  $V.C = 0.1$  mm = 0.01 cm

দৃষ্টকোণ দৈর্ঘ্য,  $L = ?$

আমরা জানি,  $L = M + V \times V.C$

$$= 4 \text{ cm} + 7 \times 0.01 \text{ cm}$$

$$= 4.07 \text{ cm (Ans.)}$$

**ঘ** দেওয়া আছে,

পরিবর্তিত ভার্নিয়ার স্কেলের 20 ভাগ = প্রধান স্কেলের ক্ষুদ্রতম 19 ভাগ

∴ পরিবর্তিত ভার্নিয়ার স্কেলের 1 ভাগ প্রধান স্কেলের ক্ষুদ্রতম  $\frac{19}{20}$  ভাগ

জানা আছে, প্রধান স্কেলের ক্ষুদ্রতম 1 ভাগ = 1 mm

∴ ভার্নিয়ার স্কেলের 1 ভাগ =  $\frac{19}{20} \times 1$  mm

$$= \frac{19}{20} \text{ mm}$$

∴ পরিবর্তিত ভার্নিয়ার ধ্রুবক,  $V.C_1 = 1 \text{ mm} - \frac{19}{20} \text{ mm}$

$$= 0.05 \text{ mm}$$

$$= 5 \times 10^{-3} \text{ cm}$$

প্রধান স্কেল পাঠ,  $M = 4 \text{ cm}$

ভার্নিয়ার সমপাতন,  $V = 7$

$$\therefore \text{পরিবর্তিত দৈর্ঘ্য, } L_1 = M + V \times V.C_1$$

$$= 4 \text{ cm} + 7 \times 5 \times 10^{-3} \text{ cm}$$

$$= 4.035 \text{ cm}$$

‘গ’ অংশ থেকে পাই, পূর্বের দৈর্ঘ্য,  $L = 4.07 \text{ cm}$

$$\therefore \text{দৈর্ঘ্যের পরিবর্তন (হ্রাস), } \Delta L = L - L_1$$

$$= (4.07 - 4.035) \text{ cm}$$

$$= 0.035 \text{ cm}$$

অতএব, ভার্নিয়ার স্কেলের ভাগ সংখ্যার পরিবর্তনের সাথে দন্ডের দৈর্ঘ্য  $0.035 \text{ cm}$  কমে যাবে।

**প্রশ্ন ২** আশিক তার পদার্থবিজ্ঞানের শিক্ষককে মাত্রা ও মাত্রার সাহায্যে কীভাবে গতি বিষয়ক সমীকরণের সত্যতা যাচাই করা যায় তা জানতে চাইল। শিক্ষক তাকে কতগুলো গতিবিষয়ক সমীকরণ সম্পর্কে জানান এবং মাত্রার সাহায্যে সমীকরণগুলোর সত্যতা যাচাইয়ের পদ্ধতি শিখিয়ে দিল। এরূপ দুটি সমীকরণ হলো-

$$(i) s = ut + \frac{1}{2} at^2 \quad (ii) v^2 = u^2 + 2as \quad [\text{চট্টগ্রাম সিটি কর্পোরেশন আন্ড্রবিদ্যালয়}]$$

ক. ভার্নিয়ার প্রবেশ কাকে বলে? ১

খ. “ক্ষমতা একটি লব্ধ রাশি”-ব্যাখ্যা করো। ২

গ. যদি  $u = 3 \mu\text{ms}^{-1}$ ,  $a = 10 \text{mms}^{-2}$  এবং  $t = 6 \text{s}$  হয়, তবে  $s$ -এর মান কত হবে? নির্ণয় করো। ৩

ঘ. মাত্রা পদ্ধতিতে (ii) নং সমীকরণের সত্যতা যাচাই করো। ৪

### ২ নম্বর প্রশ্নের উত্তর

**ক** মূল স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের চেয়ে ভার্নিয়ার স্কেলের এক ভাগ যতটুকু ক্ষুদ্রতর সে পরিমাণকে দৈর্ঘ্য পরিমাপক যন্ত্রের ভার্নিয়ার প্রবেশ কাকে বলে।

**খ** যে সকল রাশি মৌলিক রাশির উপর নির্ভর করে বা মৌলিক রাশি থেকে লাভ করা যায় তাদেরকে লব্ধ রাশি বলে। কোনো বস্তু বা ব্যক্তি একক সময়ে যে কাজ সম্পাদন করে তাই তার ক্ষমতা। ক্ষমতার রাশিমালা থেকে আমরা পাই,

$$\text{ক্ষমতা} = \frac{\text{কাজ}}{\text{সময়}}$$

$$\text{বা, ক্ষমতা} = \frac{\text{ভর} \times \text{ত্বরণ} \times \text{সরণ}}{\text{সময়}} = \frac{\text{ভর} \times (\text{সরণ})^2}{(\text{সময়})^3}$$

ভর, সরণ ও সময় এই তিনটি মৌলিক রাশির উপর নির্ভরশীল হওয়ায় ক্ষমতা একটি লব্ধ রাশি।

**গ** দেওয়া আছে,  $u = 3 \mu\text{ms}^{-1}$

$$= 3 \times 10^{-6} \text{ms}^{-1}$$

$$a = 10 \text{mms}^{-2}$$

$$= 10 \times 10^{-3} \text{ms}^{-2}$$

$$t = 6\text{s}$$

তাহলে,  $s = ?$

আমরা জানি,

$$s = ut + \frac{1}{2} at^2$$

$$= 3 \times 10^{-6} \text{ms}^{-1} \times 6\text{s} + \frac{1}{2} \times 10 \times 10^{-3} \text{ms}^{-2} \times (6\text{s})^2$$

$$= 0.180 \text{m}$$

$$= 180 \text{mm (Ans)}$$

ঘ) মাত্রা সমীকরণের সাহায্যে  $v^2 = u^2 + 2as$  এর সত্যতা যাচাই করা সম্ভব।

এখানে,  $v$  হল শেষবেগ এর মাত্রা  $\frac{L}{T} = LT^{-1}$

$u$  হল আদিবেগ এর মাত্রা  $\frac{L}{T} = LT^{-1}$

$a$  হল ত্বরণ এর মাত্রা  $\frac{L}{T^2} = LT^{-2}$

$s$  হল সরণ এর মাত্রা  $= L$

$\therefore v^2$  এর মাত্রা হলো  $(LT^{-1})^2 = L^2T^{-2}$

$u^2$  এর মাত্রা হলো  $(LT^{-1})^2 = L^2T^{-2}$

$s$  এর মাত্রা হলো  $LT^{-2} \times L = L^2T^{-2}$

যেহেতু বামদিকের একটি পদের মাত্রা ও ডান দিকের ২টি পদের মাত্রা একই। অতএব সমীকরণটি সঠিক। কেননা শুধু একই জাতীয় রাশির যোগ বিয়োগ সম্ভব।

**প্রশ্ন** স্ক্রু-গেজের সাহায্যে তারের ব্যাসার্ধ, সরু চোঙ্গের ব্যাসার্ধ ও ছোট দৈর্ঘ্য পরিমাপ করা যায়। এতে রয়েছে দুই প্রান্তে দুইটি সমান্তরাল বাহু বিশিষ্ট U আকৃতির ফ্রেম কাঠামো। জনৈক শিক্ষার্থী এর সাহায্যে একটি পাত্রে বোধ নির্ণয় করতে গিয়ে পাত্রে রৈখিক স্কেলের পাঠ 8mm এবং বৃত্তাকার স্কেলের ভাগ সংখ্যা 40 দেখতে পেলেন এবং ফলাফলে কিছু ত্রুটিও দেখতে পেলেন। [কাদিরাবাদ ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল, নাটোর]

ক. পরিমাপ কী? ১

খ. শক্তির মাত্রা সমীকরণ নির্ণয় করো। ২

গ. পাত্রে প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল নির্ণয় করো। ৩

ঘ. ত্রুটিমুক্ত ফলাফল পাওয়ার জন্য কী কী সতর্কতা অবলম্বন করা উচিত বলে তুমি মনে করো। ৪

### ৩ নং প্রশ্নের উত্তর

ক) কোনো কিছু পরিমাপ নির্ণয় করাকে পরিমাপ বলে।

খ) আমরা জানি,

$$\text{শক্তি} = \text{কাজ} = \text{বল} \times \text{সরণ}$$

$$= \text{ভর} \times \text{ত্বরণ} \times \text{সরণ}$$

$$= \text{ভর} \times \frac{\text{সরণ}}{\text{সময়}^2} \times \text{সরণ}$$

$$= \text{ভর} \times \left( \frac{\text{সরণ}}{\text{সময়}} \right)^2$$

তাহলে শক্তির মাত্রা সমীকরণ

$$[W] = M \times \left( \frac{L}{T} \right)^2$$
$$= ML^2T^{-2}$$

গ উদ্দীপক অনুযায়ী পাত্রে ব্যাস নির্ণয়ের ক্ষেত্রে,

রৈখিক স্কেল পাঠ,  $L = 8\text{mm}$

বৃত্তাকার স্কেলের ভাগ সংখ্যা,  $C = 40$

আবার, লঘিষ্ঠ গণন,  $LC = 0.01\text{ mm}$

সুতরাং, পাত্রটির ব্যাস,  $d = L + C \times LC$

$$= (8 + 40 \times 0.01)\text{ mm}$$

$$= 8.4\text{mm}$$

তাহলে, পাত্রটির প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল,  $A = \frac{1}{4} \pi d^2$

$$= \frac{1}{4} \times 3.1416 \times (8.4)^2$$

$$= 55.42\text{mm}^2 \text{ (Ans.)}$$

ঘ স্ক্রু গজের সাহায্যে কোনো ভৌত রাশি পরিমাপ করতে গেলে তিন ধরনের ত্রুটি পাওয়া যেতে পারে। এগুলো হল : (১) যান্ত্রিক ত্রুটি; (২) ব্যক্তিগত ত্রুটি (৩) অনিয়মিত ত্রুটি ও (৪) নিয়মিত ত্রুটি। এই ত্রুটিগুলো পরিহার করার জন্য অথবা যথাসম্ভব নির্ভুল পরিমাপ পাওয়ার জন্য কিছু সতর্কতা নেওয়া যেতে পারে। এগুলো নিচে দেওয়া হল:

১. স্ক্রু গজের মূল স্কেলের শূন্য দাগ যদি বৃত্তাকার স্কেলের শূন্য দাগের সাথে না মেলে তাহলে স্ক্রু গজকে আশে-আশে ঘুরিয়ে দুই স্কেলের শূন্য দাগ মিলিয়ে নিতে হবে।
২. স্ক্রু গজের স্ক্রু অনেক দিন ব্যবহারের ফলে স্ক্রুকে উভয় দিকে ঘুরালে একই পরিমাণ সরণ হয় না। এক্ষেত্রে পাঠ নেওয়ার সময় যন্ত্রকে একই দিকে ঘুরাতে হবে।
৩. ব্যক্তিগত ত্রুটি পরিহার করতে হলে পর্যবেক্ষণ খুবই সতর্কতার সাথে এবং একাধিকবার নিতে হবে।
৪. অনিয়মিত ত্রুটি যথাসম্ভব কম করতে হলে অধিক সংখ্যক পাঠ নিতে হবে এবং তাদের গড় পাঠ বের করতে হবে। এই ত্রুটি পুরাপুরি পরিহার করা সম্ভব নয়।
৫. নিয়মিত ত্রুটি সাধারণত যন্ত্রের ত্রুটির কারণে হয়। এই ক্ষেত্রে যন্ত্রটি ঠিক করে অথবা অন্য যন্ত্র ব্যবহার করতে হবে।

প্রশ্ন ৪ একটি স্টাইড ক্যালিপার্সে ভার্নিয়ার স্কেলের ভাগ সংখ্যা 20। ভার্নিয়ার স্কেলের শূন্যদাগ প্রধান স্কেলের শূন্যদাগের সাথে না মিশে 2 ঘর বাম দিকে আছে। উক্ত যন্ত্রের সাহায্যে একটি গোলকের ব্যাস পরিমাপ করা হলো। যার প্রধান স্কেলের পাঠ 9.5 এবং ভার্নিয়ার সমপাতন 7। গোলকের ভর 1.2 kg। প্রধান স্কেলের ক্ষুদ্রতম এক ঘরের মান 1 mm। [ক্যামব্রিয়ান স্কুল এন্ড কলেজ]

ক. মাত্রা কাকে বলে?

১

খ. কোনো কিছু পরিমাপে এককের প্রয়োজন হয় কেন— ব্যাখ্যা করো।

২

গ. উক্ত গোলকটির ব্যাস নির্ণয় কর।

৩

ঘ. উদ্দীপকের গোলকটি পানিতে ভাসবে না ডুবে যাবে— গাণিতিক বিশ্লেষণের মাধ্যমে যুক্তি দাও।

৪

### ৪ নং প্রশ্নের উত্তর

ক কোনো ভৌত রাশিতে উপস্থিত মৌলিক রাশিগুলোর সূচকই ঐ রাশিটির মাত্রা।

খ কোনো কিছু পরিমাপ করা হয় কোনো স্ট্যান্ডার্ড বা আদর্শ পরিমাণের সাপেক্ষে যার সাথে তুলনা করে পরিমাপ করা যায়। এই আদর্শ পরিমাণই হল একক। পরিমাপের সময় আদর্শ পরিমাণের সাথে যেন তুলনা করা যায় সেজন্য এককের প্রয়োজন হয়।

গ দেওয়া আছে,

ভার্নিয়ার স্কেলের ভাগ সংখ্যা,  $n = 20$

প্রধান স্কেল পাঠ,  $M = 9.5 \text{ cm}$

ভার্নিয়ার সমপাতন,  $V = 7$

প্রধান স্কেলে, ক্ষুদ্রতম এক ঘরের মান,  $s = 1 \text{ mm}$

$$\therefore \text{ভার্নিয়ার ধ্রুবক} = \frac{s}{n} = \frac{1 \text{ mm}}{20} = 0.05 \text{ mm}$$
$$= 0.005 \text{ cm}$$

যান্ত্রিক ত্রুটি,  $e = -2 \times 1 \text{ mm} = -2 \text{ mm} = -0.2 \text{ cm}$

ব্যাস,  $D = M + V \times (\text{V.C}) - e$

$$= 9.5 + (7 \times 0.005) - (-0.2)$$
$$= 9.735 \text{ cm (Ans.)}$$

ঘ

গোলকটির ওজন,

$$W = m \times g$$
$$= 1.2 \times 9.8 =$$
$$11.76 \text{ N}$$

এখানে,

$$\text{গোলকটির ব্যাসার্ধ, } r = \frac{D}{2}$$
$$= \frac{9.735 \text{ cm}}{2}$$

$$= 4.8675 \text{ cm}$$

$$= 4.8675 \times 10^{-2}$$

m

আবার, গোলকটির আয়তন,

$$V = \frac{4}{3} \pi r^3$$

ভর,  $m = 1.2 \text{ kg}$

পানির ঘনত্ব,  $\rho_w =$   
 $1000 \text{ kg/m}^3$

$$= \frac{4}{3} \times 3.1416 \times (4.8675 \times 10^{-2})^3$$


$$= 4.831 \times 10^{-4} \text{ m}^3$$

গোলকটি দ্বারা অপসারিত সমআয়তন পানির ওজন তথা প-বতা,

$$\begin{aligned}
F &= V \times \rho_w \times g \\
&= 4.831 \times 10^{-4} \times 1000 \times 9.8 \text{ N} \\
&= 4.73 \text{ N} < W
\end{aligned}$$

□ গোলকটির ওজন  $W$ , প-বতা বল  $F$  অপেক্ষা বেশি তাই, গোলকটি পানিতে ডুবে যাবে।

প্রশ্ন ▶ ◀



উপরের চিত্রে একটি ফাঁপা সিলিন্ডারের ভেতরের ও বাহিরের ব্যাস যথাক্রমে  $d_1$  ও  $d_2$  একটি স্-ইড ক্যালিপার্স যার ভার্নিয়ার স্কেলের 20 দাগ মূল স্কেলের 19 mm দাগের সমান এবং এটি দিয়ে  $d_1$  ও  $d_2$  পরিমাপের ক্ষেত্রে প্রধান সমপতন যথাক্রমে 12 mm ও 15 mm ও ভার্নিয়ার সমপতন যথাক্রমে 10 ও 13 হয়। [অগ্রণী স্কুল এন্ড কলেজ, ঢাকা]

- ক. ভার্নিয়ার স্কেল কী? ১
- খ. স্ক্রু গজের পিচ 1mm বলতে কী বোঝায়? ২
- গ. স্-ইড ক্যালিপার্সটির ভার্নিয়ার প্রস্ৰবক নির্ণয় করো। ৩
- ঘ. সিলিন্ডারটির আয়তন নির্ণয় করো। ৪

#### ৫ নং প্রশ্নের উত্তর

ক. ভার্নিয়ার স্কেল হচ্ছে একটি সাহায্যকারী স্কেল যা মূল স্কেলের সাথে ব্যবহার করা হয় এবং যার সাহায্যে মূল স্কেলের ক্ষুদ্রতম ঘরের ভগ্নাংশ পরিমাপ করা যায়।

খ. স্ক্রু গজের পিচ 1mm বলতে বোঝায় স্ক্রু গজের টুপি একবার ঘোরালে এর 1mm সরণ ঘটে অর্থাৎ রৈখিক স্কেল বরাবর এটি 1mm দৈর্ঘ্য অতিক্রম করে।

গ. উদ্দীপক অনুযায়ী,

ভার্নিয়ার স্কেলের 20 ঘর = মূল স্কেলের 19 ঘর

∴ ভার্নিয়ার স্কেলের 1 ঘর = মূল স্কেলের  $\frac{19}{20}$  ঘর

প্রধান স্কেলের 1 ঘর = 1mm

∴ ভার্নিয়ার স্কেলের 1 ঘর =  $\frac{19}{20} \times 1 \text{ mm} = \frac{19}{20} \text{ mm}$

∴ ভার্নিয়ার প্রস্ৰবক = প্রধান স্কেলের 1 ঘরের দৈর্ঘ্য – ভার্নিয়ার স্কেলের 1 ঘরের দৈর্ঘ্য =  $1 \text{ mm} - \frac{19}{20} \text{ mm} = 0.05 \text{ mm}$  (Ans.)

ঘ. দেওয়া আছে,

ফাঁপা সিলিন্ডারের ভেতরের ব্যাস,  $d_1$  এবং বাইরের ব্যাস,  $d_2$

সিলিন্ডারের উচ্চতা,  $h = 3 \text{ cm} = 30 \text{ mm}$

‘গ’ অংশ হতে পাই, ভার্নিয়ার প্রস্ৰবক = 0.05 mm

$d_1$  পরিমাপের ক্ষেত্রে প্রধান স্কেল পাঠ 12 mm

এবং ভর্নিয়ার সমপাতন = 10

$$\begin{aligned}\therefore d_1 &= 12 \text{ mm} + 10 \times 0.05 \text{ mm} \\ &= 12.5 \text{ mm}\end{aligned}$$

$d_2$  পরিমাপের ক্ষেত্রে প্রধান স্কেল পাঠ 15 mm

এবং ভর্নিয়ার সমপাতন = 13.

$$\begin{aligned}\therefore d_2 &= 15 \text{ mm} + 13 \times 0.05 \text{ mm} \\ &= 15.65 \text{ mm}\end{aligned}$$

$$\begin{aligned}\therefore \text{সিলিন্ডারটির আয়তন} &= \frac{\pi}{4} (d_2^2 - d_1^2) h \\ &= \frac{\pi}{4} \times (15.65^2 - 12.5^2) \times 30 \text{ mm}^3 \\ &= 2.089 \text{ cm}^3 = 2.089 \text{ cc}\end{aligned}$$

অতএব, সিলিন্ডারটির আয়তন 2.089 cc.

**প্রশ্ন ৬** একটি স্-ইড ক্যালিপার্স দিয়ে একটি বেলনাকার লোহার দন্ডের ব্যাস পরিমাপ করতে গিয়ে দেখা গেল প্রধান স্কেল পাঠ 4.3cm এবং ভর্নিয়ার সমপাতন 5. ভর্নিয়ার স্কেলের 20 ভাগ প্রধান স্কেলের 19 ভাগের সমান। প্রধান স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের দৈর্ঘ্য 1mm।

[আরমানিটোলা সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা]

- ক. স্-ইড ক্যালিপার্সের অপর নাম কী? ১
- খ. ভর্নিয়ার প্রস্বেক 0.01 বলতে কী বোঝায়? ২
- গ. লোহার দন্ডটির ব্যাসার্ধ নির্ণয় করো। ৩
- ঘ. দন্ডটির দৈর্ঘ্য 10cm হলে সেটি কত আয়তনের পানি অপসারিত করবে? ৪

#### ৬ নং প্রশ্নের উত্তর

**ক** স্-ইড ক্যালিপার্সের অপর নাম ভর্নিয়ার ক্যালিপার্স।

**খ** স্-ইড ক্যালিপার্সের প্রধান স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের চেয়ে ভর্নিয়ার স্কেলের এক ভাগ যতটুকু ছোট তার পরিমাণই হলো ভর্নিয়ার প্রস্বেক। অর্থাৎ ভর্নিয়ার প্রস্বেক 0.01mm বলতে বোঝায়, প্রধান স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের চেয়ে ভর্নিয়ার স্কেলের এক ভাগ 0.01mm ছোট।

**গ** এখানে,

$$\text{প্রধান স্কেলের পাঠ, } M = 4.3 \text{ cm}$$

$$\text{ভর্নিয়ার সমপাতন, } V = 5$$

প্রধান স্কেলের ক্ষুদ্রতম এক ভাগের দৈর্ঘ্য,  $l = 1 \text{ mm}$

ভর্নিয়ার স্কেলের 20 ভাগ = প্রধান স্কেলের 19 ভাগ

$$\therefore \text{ভর্নিয়ার স্কেলের এক ভাগের দৈর্ঘ্য, } l' = \frac{19}{20} \text{ mm}$$

সুতরাং, ভর্নিয়ার প্রস্বেক =  $l - l'$

$$= \left( 1 - \frac{19}{20} \right) \text{ mm}$$

$$= 0.05 \text{ mm} = 0.005 \text{ cm}$$

লোহার দণ্ডের ব্যাসার্ধ,  $r = ?$

লোহার দণ্ডের ব্যাস,  $d$  হলে,

আমরা জানি,

$$d = M + V \times V.C$$

$$= (4.3 + 5 \times 0.005) \text{ cm}$$

$$\therefore d = 4.325 \text{ cm}$$

$$\therefore \text{লোহার দণ্ডের ব্যাসার্ধ } r = \frac{d}{2} = \frac{4.325}{2} \text{ cm}$$

$$\therefore r = 2.1625 \text{ cm (Ans.)}$$

ঘ 'গ' অংশ হতে,

$$\text{বেলনাকার দণ্ডের ব্যাসার্ধ, } r = 2.1625 \text{ cm}$$

$$\text{দণ্ডের দৈর্ঘ্য } l = 10 \text{ cm}$$

$$\therefore \text{দণ্ডটির আয়তন } V = \pi r^2 l$$

$$= \pi \times (2.1625)^2 \times 10 \text{ cm}^3$$

$$= 146.9136 \text{ cm}^3$$

দণ্ডটি পানিতে সম্পূর্ণ নিমজ্জিত হলে দণ্ডের সমান আয়তনের পানি অপসারণ করবে-

$$\therefore \text{অপসারিত পানির আয়তন, } V_r = \text{দণ্ডের আয়তন } V$$

$$= 146.9136 \text{ cm}^3$$

**প্রশ্ন ৭** স্পাইড ক্যালিপার্সের সাহায্যে একটি দণ্ডের দৈর্ঘ্য মাপতে গিয়ে রহিম প্রধান স্কেলের পাঠ 12cm এবং ভার্ণিয়ারের সমপাতন 6 পেল। যন্ত্রটির কোন যান্ত্রিক ত্রুটি নাই এর ভার্ণিয়ার প্রবন্ধ 0.002cm.

[সরকারি বিজ্ঞান সংযুক্ত হাই স্কুল]

ক. পিচ কী?

১

খ.  $s = ut + \frac{1}{2} at^2$  সমীকরণটি প্রতিপাদন কর। যেখানে প্রতীকগুলো প্রচলিত অর্থ বহন করে। ২

গ. স্পাইড ক্যালিপার্সটির ভার্ণিয়ারের ঘর সংখ্যা নির্ণয় কর। ৩

ঘ. দণ্ডটির দৈর্ঘ্য মিটার স্কেলে নির্ণয় করলে কী অসুবিধা হতো গাণিতিক বিশ্লেষণ করে। ৪

### ৭ নং প্রশ্নের উত্তর

**ক** স্ক্রুগেজের টুপি একবার ঘোরালে এর যতটুকু সরণ ঘটে এবং রৈখিক স্কেল বরাবর যে দৈর্ঘ্য এটি অতিক্রম করে তাকে স্ক্রুটির পিচ বলে।

**খ**  $s = ut + \frac{1}{2} at^2$  সমীকরণ প্রতিপাদন

মনে করি কোনো বস্তু  $u$  আদিবেগ নিয়ে  $a$  সুসম ত্বরণে চলে  $t$  সময়ে  $v$  শেষ বেগ প্রাপ্ত হয়। মনে করি এ সময়ে বস্তুটি  $s$  দূরত্ব অতিক্রম করে অর্থাৎ, বস্তুটির সরণ হয়  $s$ । তাহলে বস্তুর গড় বেগ  $\bar{v}$  হবে।

$$\bar{v} = \frac{s}{t}$$

$$\text{বা, } s = \bar{v}t \dots\dots\dots (1)$$

আবার, বস্তুটি সুষম ত্বরণে চলে বলে গড় বেগ হবে এর আদি বেগ ও শেষ বেগের গাণিতিক গড়ের সমান,

$$\text{অর্থাৎ } \bar{v} = \frac{u + v}{2} \dots\dots\dots (2)$$

(1) নং সমীকরণে এ মান বসিয়ে আমরা পাই,

$$s = \frac{u + v}{2} t \dots\dots\dots (3)$$

আবার আমরা জানি সময়ের সাথে অসম বেগের পরিবর্তনের হারকে ত্বরণ বলে, অর্থাৎ

$$a = \frac{v - u}{t}$$

$$\text{বা, } v - u = at$$

$$\text{বা, } v = u + at$$

v এর এ মান (3) সমীকরণে বসিয়ে আমরা পাই,

$$s = \left( \frac{u + u + a}{2} \right) \times t$$

$$\therefore s = ut + \frac{1}{2} at^2$$

**গ** এখানে,

$$\text{প্রধান স্কেলের ক্ষুদ্রতম 1 ভাগের দৈর্ঘ্য } S = 1\text{mm} = 0.1\text{cm}$$

$$\text{ভার্নিয়ার প্রবেক } V.C = 0.002 \text{ cm}$$

$$\text{ভার্নিয়ার স্কেলের ঘর সংখ্যা, } n = ?$$

আমরা জানি,

$$V.C = \frac{s}{n}$$

$$\therefore n = \frac{s}{V.C} = \frac{0.1}{0.002} = 50 \text{ (Ans.)}$$

**ঘ** এখানে,

$$\text{প্রধান স্কেল পাঠ, } M = 12 \text{ cm} = 120 \text{ mm}$$

$$\text{ভার্নিয়ার সমপাতন, } V = 6$$

$$\text{ভার্নিয়ার প্রবেক, } V.C = 0.002 \text{ cm} = 0.02\text{mm}$$

মনে করি, দন্ডের দৈর্ঘ্য L

আমরা জানি,

$$L = M + V \times V.C$$

$$\text{বা, } L = 120 + 6 \times 0.02$$

$$\therefore L = 120.12 \text{ mm}$$

মিটার স্কেলে আমরা সর্বনিম্ন 1mm দৈর্ঘ্য কোন ত্রুটি ছাড়া মাপতে পারি। কিন্তু এখানে দন্ডের 120.12mm যার কারণে দন্ডের সম্পূর্ণ দৈর্ঘ্য মিটার স্কেলে ত্রুটি ছাড়া মাপা সম্ভব নয়।

এখন, মিটার স্কেল দ্বারা দন্ডটির দৈর্ঘ্যকে সর্বোচ্চ পাঠ পাওয়া যেতো 120.1mm।

$\therefore$  দন্ডটির দৈর্ঘ্য মিটার স্কেলে নির্ণয় করলে যে ত্রুটি হতো সেটি হল

$$= \frac{120.12 - 120.1}{120.12} \times 100 = 0.017\%$$

সুতরাং গাণিতিক বিশ্লেষণ থেকে বলা যায় যে, দন্ডটির দৈর্ঘ্য মিটার স্কেলে নির্ণয় করলে অসুবিধা হতো।

**প্রশ্ন ▶ চ** স্-হাইড ক্যালিপার্সের সাহায্যে একটি তারের দৈর্ঘ্য পরিমাপ করতে গিয়ে প্রধান স্কেল পাঠ 3.2cm পাওয়া গেল। ভার্নিয়ার স্কেলের 20 ঘরের মধ্যে 5 নম্বর ঘরের দাগটি প্রধান স্কেলের একটি ঘরের সাথে মিলে গেল। অপরদিকে তারটির ব্যাস মাপতে গিয়ে স্ক্রুগেজের রৈখিক স্কেল পাঠ 4mm, বৃত্তাকার স্কেল পাঠ ২০ এবং লঘিষ্ঠ গণন 0.01mm পাওয়া গেল। *[সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয়]*

ক. পীচ কাকে বলে? ১

খ. গাছের পাতা সবুজ দেখায় কেন? ব্যাখ্যা করো। ২

গ. তারটির প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল নির্ণয় করো। ৩

ঘ. তারটিকে একটি পানিভর্তি বিকারে ছেড়ে দিলে এটি কী পরিমাণ পানি অপসারণ করবে? গাণিতিক ব্যাখ্যা দাও। ৪

### ৮ নং প্রশ্নের উত্তর

**ক** স্ক্রুগেজের টুপি একবার ঘোরালে এর যতটুকু সরণ ঘটে অর্থাৎ রৈখিক স্কেল বরাবর যে দৈর্ঘ্য এটি অতিক্রম করে তাকে স্ক্রুটির পিচ বলে।

**খ** গাছের পাতা তার উপর আপতিত আলোক রশ্মিগুলোর মধ্যে নিজের রঙ অর্থাৎ সবুজ ব্যতীত বাকি সব রঙের আলো শোষণ করে নেয় এবং সবুজ রঙের আলো প্রতিফলন করে। এই প্রতিফলিত রশ্মি চোখের রেটিনার কোন কোষ দ্বারা মস্তিষ্কে সবুজ রঙের অনুভূতি জাগায়। তাই আমরা গাছের পাতা সবুজ দেখি।

**গ** উদ্দীপক হতে পাই,

$$\text{স্ক্রু গেজের রৈখিক স্কেলের পাঠ, } L = 4\text{mm}$$

$$\text{স্ক্রু গেজের বৃত্তাকার স্কেলের ভাগসংখ্যা, } C = 20$$

$$\text{লঘিষ্ঠ গণন, } L.C = 0.01\text{mm}$$

আমরা জানি,

$$\text{তারের ব্যাস, } d = L + C \times LC$$

$$\text{বা, } d = (4 + 20 \times 0.01)$$

$$\therefore d = 4.2 \text{ mm}$$

$$\therefore \text{ব্যাসার্ধ, } r = \frac{d}{2} = \frac{4.2}{2} = 2.1 \text{ mm}$$

আবার আমরা জানি,

তারের প্রস্থচ্ছেদের ক্ষেত্রফল,  $A = \pi r^2$

$$\text{বা, } A = 3.1416 \times (2.1)^2$$

$$\text{বা, } A = 13.8544 \text{ mm}^2$$

$$\therefore A = 13.85 \times 10^{-6} \text{ m}^2$$

ঘ 'গ' অংশ থেকে পাই,

$$\text{তারের ব্যাসার্ধ, } r = 2.1 \text{ mm} = 2.1 \times 10^{-3} \text{ m}$$

উদ্দীপক থেকে পাই,

$$\text{ভার্নিয়ার স্কেলের ভাগসংখ্যা, } n = 20$$

$$\text{ভার্নিয়ার স্কেলের ক্ষুদ্রতম এক ঘরের মান, } S = 1 \text{ mm}$$

$$\text{প্রধান স্কেলের পাঠ, } M = 3.2 \text{ cm}$$

$$\text{ভার্নিয়ার সমপাতন, } V = 5$$

$$\text{ভার্নিয়ার ধ্রুবক, } V.C = \frac{S}{n} = \frac{0.1 \text{ cm}}{20} = 0.005 \text{ cm}$$

আমরা জানি,

$$\text{তারের দৈর্ঘ্য, } l = M + V \times V.C$$

$$\text{বা, } l = 3.2 + 5 \times 0.005$$

$$\text{বা, } l = 3.225 \text{ cm}$$

$$\therefore l = 3.225 \times 10^{-2} \text{ m}$$

আমরা জানি, তারের আয়তন,  $V = \pi r^2 l$

$$= 3.1416 \times (2.1 \times 10^{-3})^2 \times 3.225 \times 10^{-2} \text{ m}^3$$

$$= 4.47 \times 10^{-7} \text{ m}^3$$

আবার, আর্কিমিডিসের নীতি অনুসারে,

$$\text{অপসারিত পানির আয়তন} = \text{বস্তুর আয়তন}$$

$$\text{অর্থাৎ, অপসারিত পানির আয়তন, } V_w = 4.47 \times 10^{-7} \text{ m}^3$$

$$\text{এখন জানা আছে, পানির ঘনত্ব, } \rho_w = 1000 \text{ kg m}^{-3}$$

$$\therefore \text{অপসারিত পানির ভর} = \rho_w V_w = 1000 \times 4.47 \times 10^{-7}$$

$$= 4.47 \times 10^{-4} \text{ kg}$$

অর্থাৎ, তারটিকে একটি পানিভর্তি বিকারে ছেড়ে দিলে এটি  $4.47 \times 10^{-7} \text{ m}^3$  আয়তনের  $4.47 \times 10^{-4} \text{ kg}$  ভরের পানি অপসারণ করবে।

১. একটি দন্ডকে স্লাইড ক্যালিপাসের সাহায্যে পরিমাপ করতে গিয়ে তার প্রধান স্কেল পাঠ ৬ সে.মি., ভার্নিয়ার সমপাতন ৭ এবং ভার্নিয়ার ধ্রুবক ০.১ মিমি, দন্ডটির দৈর্ঘ্য কত ?

ক. ৬.৭ সে.মি. খ. ৬.৭ মি.মি.  
গ. ৬.০৭ মি.মি. ঘ. ৬.০৭ সে.মি.

[চ.বো. ২০]

২. কে সূর্যকেন্দ্রিক সৌরজগতের প্রদান করেন ?

ক. কোপার্নিকাস খ. খেলিস  
গ. আর্থাভট্ট ঘ. রাদারফোর্ড

[রা.বো. ২০]

৩. সূর্য কেন্দ্রিক সৌরজগতের প্রবক্তা কে ?

ক. নিউটন খ. গ্যালিলিও  
গ. ইরাতোস্থিনিস ঘ. আর্কিমিডিস

[য.বো. ২০]

৪. এক পিকোমিটার সমান কত ?

ক.  $10^{-9}$  খ.  $10^{-12}$   
গ.  $10^{-15}$  ঘ.  $10^{-18}$

[কু.বো ২০]

৫. কে দেখেছিলেন, বিশ্বব্রহ্মাণ্ডের সবগুলো গ্যালাক্সি একে অন্যে থেকে দূরে সরে যাচ্ছে ?

ক. ডিকার খ. হাবল  
গ. বেকলার ঘ. রনজেন্ট

[চ.বো. ২০]

৬. কোনটি সবচেয়ে ছোট একক ?

ক. মাইক্রোমিটার খ. ন্যানোমিটার  
গ. পিকোমিটার ঘ. ফেমোমিটার

৭. আলোকবিজ্ঞানে স্থপতি হিসাবে নিচের কোন নামটি বিবেচনা করা হয় ?

ক. নিউটন খ. ওমর খৈয়াম  
গ. ইবনে আল হাইয়মি ঘ. আল খোয়ারিজম

[সি.বো ২০]

৮. একটি দন্ডকে স্লাইড ক্যালিপার্সে স্থাপনের পর যে পাঠ পাওয়া যায় তা প্রধান স্কেল পাঠ ০.০৫ মি. ভার্নিয়ার সমপাতন ৬ এবং ভার্নিয়ার ধ্রুবক ০.১ মিমি, দন্ডটির দৈর্ঘ্য কত ?

ক. ৫.০৬ সেমি খ. ৫.৬০ সেমি  
গ. ০.৬৫ মি ঘ. ০.৬৫ মিমি

[সি.বো ২০]

৯. ক্ষু এর সরনকে কি বলে ?

ক. ক্ষু গজ খ. লঘিষ্ঠ গনণ  
গ. ভার্নিয়ার ধ্রুবক ঘ. ক্ষু পিচ

[ব.বো ২০]

১০. যে নির্দিষ্ট বস্তুটির ভরকে এক কিলোগ্রাম ধরা হয় তার ব্যাস কত ?

ক. ৯.৩ সেমি খ. ৩.৬ সেমি  
গ. ৬.৩ সেমি ঘ. ৩.৯ সেমি

[ম.বো. ২০]

১১. পরীক্ষামূলক বৈজ্ঞানিক পদ্ধতির প্রবক্তা কে ?

ক. খেলিস খ. কেপলার  
গ. রাজার বেকেন ঘ. হাইগেন

[চ.বো ১৯]

১২. স্লাইডক্যালিপার্সেও সাহায্যে একটি আয়তকার বস্তুর দৈর্ঘ্য নির্ণয় করতে দিয়ে দেখা গেল ভার্নিয়ার স্কেলের শূন্য দাগ প্রধান স্কেলের ৭.৭ সেমি এর ঘর অতিক্রম করেছে। ভার্নিয়ার স্কেলের ৫ নম্বর ঘর প্রধান স্কেলের দাগের সাথে পুরোপুরি মিলে যায়। যন্ত্রটির ভার্নিয়ার ধ্রুবক ০.০১ সেমি। বস্তুটির দৈর্ঘ্য কত ?

ক. ৭.৭৫ সেমি খ. ৭.৭০৫ সেমি  
গ. ৭.৬৫ সেমি ঘ. ৭.৬০৫ সেমি

[রা.বো ১৯]

১৩. ১ পেটামিটার সমান কত মিটার ?

ক.  $10^9$  খ.  $10^{12}$   
গ.  $10^{15}$  ঘ.  $10^{18}$

[য.বো. ১৯]

১৪. নিচের কোনটি মৌলিক রাশি ?

[সি.বো. ১৯]

ক. তাপ খ. দীপন তীব্রতা  
গ. বেগ ঘ. তড়িৎ বিভব

১৫. নিচের কোনটি যৌগিক রাশি ?

ক. তড়িৎ প্রবাহ খ. দীপন তীব্রতা  
গ. ক্ষমতা ঘ. তাপমাত্রা

[ব.বো. ১৯]

১৬. বৃহস্পতি একটি উপগ্রহের গ্রহন পর্যবেক্ষণ করে আলোর আলোর বেগ পরিমাপ করেন কে ?

ক. গ্যালিলিও খ. রোমার  
গ. কেপলার ঘ. কোপার্নিকাস

[দি.বো. ১৯]

১৭. ভর পরিমাপের আদর্শ কিলোগ্রাম নির্ধারণে যে সিলিভার ব্যবহার হয় তার ব্যাসার্ধ কত সেমি ?

ক. ১ খ. ১.৯৫  
গ. ৩.৩ ঘ. ৩.৯

[সকল বো ১৮]

১৮. উইন্ডমিল এর উল্লেখ পাওয়া যায় কোন মুসলিম বিজ্ঞান গছে ?

ক. আল মাসুদী খ. ইবনে আল হাইখাম  
গ. আল হাজেন ঘ. আব্দুস সালাম

[সকল বো ১৮]

১৯. মূল স্কেল ও ভার্নিয়ার স্কেল এর সমন্বয়ে ব্যবহারে নিট পাঠ পাওয়া যায় ১২.৬৬ সেমি, ভার্নিয়ার সমপাতন ৬ হলে ভার্নিয়ার ধ্রুবক কত ?

ক. ০.১ মিমি খ. ০.০১ মিমি  
গ. ০.৫ মিমি ঘ. ০.০৫ মিমি

[সকল বো ১৮]

২০. স্প্রিং নিক্তি দ্বারা বস্তুর কি পরিমাপ করা হয় ?

ক. ভর খ. অভিকর্ষজ ত্বরণ  
গ. অভিকর্ষজ বল ঘ. ঘর্ষণ বল

[চা বো ১৭]

২১. বায়ু পাম্প কে আবিষ্কার করেন ?

ক. রোমার খ. ভন গুয়েরিক  
গ. হাইগান ঘ. রবার্ট হুক

[রা বো ১৭]

২২. ১০ ফেমোটোমিটার = কত মিটার ?

ক.  $10^{-12}$  খ.  $10^{-10}$   
গ.  $10^{-18}$  ঘ.  $10^{-15}$

[রা বো ১৭]

২৩. ২ মি ব্যাসার্ধের বৃত্তের আয়তন কত মিটার ?

ক.  $\frac{8}{3}\pi$  খ.  $6\pi$   
গ.  $8\pi$  ঘ.  $\frac{32}{3}\pi$

[য বো ১৭]

২৪. পদার্থ পরিমাপের এস আই একক কোনটি ?

ক. কেজি খ. মোল  
গ. ক্যান্ডেলা ঘ. লাক্স

[চ বো ১৭]

২৫. কোন স্লাইড ক্যালিপার্সে ভার্নিয়ার ধ্রুবকের মান ০.০০৫ সেমি হলে ভার্নিয়ার স্কেলের ভাগ সংখ্যা কত ?

ক. ৫ খ. ১০  
গ. ১৫ ঘ. ২০

[সি.বো ১৭]

২৬. রৈখিক স্কেল পাঠ ৪ মিমি এবং বৃত্তকার স্কেলের ভাগসংখ্যা ৫০ হলে তারের ব্যাস কত মিমি ?

ক. ২.২৫ খ. ৩.৫  
গ. ৪.৫ ঘ. ৯.০

[চা বো ১৬]

২৭. আপেক্ষিক তত্ত্বের প্রতিষ্ঠাতা কে ?

ক. ম্যাক্স প্লাঙ্ক খ. আলবার্ট আইনস্টান  
গ. চন্দ্রশেখর রমন ঘ. জেমস ক্লার্ক ম্যাক্সওয়েল

[রা বো ১৬]

২৮. একটি দন্ডকে স্লাইড ক্যালিপার্সের দুই চোয়ালের মাঝে স্থাপনের পর যে পাঠ পাওয়া গেল তা হলো প্রধান স্কেল পাঠ ৪ সেমি, ভার্নিয়ার স্কেল

সমপাতন ৭ এবং ভার্ণিয়য়ার ধ্রুবক ০.১ মিমি । দন্ডটির দৈর্ঘ্য কত ?

রা বো ১৬

ক. ৪.৭ সেমি  
গ. ৪.৭ মিমি

খ. ৪.০৭ সেমি  
ঘ. ৪.০৭ মিমি

২৯. এক টেরাথাম সমান কত গ্রাম ?

কু বো ১৬

ক. ১০<sup>৯</sup>  
গ. ১০<sup>১৫</sup>

খ. ১০<sup>১২</sup>  
ঘ. ১০<sup>১৮</sup>

৩০. একটি দন্ড পরিমাপ করতে গিয়ে প্রধান স্কেল পাট ৮ সেমি ভার্ণিয়য়ার স্কেল সমপাতন ৪ পাওয়া যায় । ভার্ণিয়য়ার স্কেল ধ্রুবক ০.১ সেমি হয় তবে দন্ডটির দৈর্ঘ্য কত ?

কু বো ১৬

ক. ১২ সেমি  
গ. ৮.০১ সেমি

খ. ৮.০৫ সেমি  
ঘ. ৭.৯৬ সেমি

৩১. নিচের কোনটি মৌলিক রাশি নয় ?

বো ১৬

ক. তড়িৎ তীব্রতা  
গ. দীপন ক্ষমতা

খ. দীপন তীব্রতা  
ঘ. তাপমাত্রা

৩২. এক অটো ওয়াট সমান কত ওয়াট ?

টা. বো ১৫

ক. ১০<sup>-৯</sup>  
গ. ১০<sup>-১৫</sup>

খ. ১০<sup>-১২</sup>  
ঘ. ১০<sup>-১৮</sup>

৩৩. যদি ভার্ণিয়য়ার স্কেলের ২০ ঘর প্রধান স্কেলের ক্ষুদ্রতম ১৯ ঘরের সমান হয় তবে ভার্ণিয়য়ার ধ্রুবক কত হবে ?

রা বো ১৫

ক. ০.০১ মিমি  
গ. ০.১ মিমি

খ. ০.০৫ মিমি  
ঘ. ০.৫ মিমি

৩৪. রৈখিক স্কেল পাঠ ৪ মিমি এবং বৃত্তাকার স্কেল পাঠের মান ০.১৭ মিমি তারের ব্যাস কত ?

যা বো ১৫

ক. ৪.১৭ মিমি  
গ. ৪১৭ মিমি

খ. ৪১.৭ মিমি  
ঘ. ৪১০৭ মিমি

৩৫. ভার্ণিয়য়ার স্কেলের ৫০ ঘর মূল স্কেলের ৪৯ ঘরের সমান । প্রধান স্কেলের ক্ষুদ্রতম ১ ঘর = ১ মিমি হলে, ভার্ণিয়য়ার ধ্রুবক কত ?

কু বো ১৫

ক. ০.২ সেমি  
গ. ০.০০২ সেমি

খ. ০.০২ সেমি  
ঘ. ০.০০১ সেমি

৩৬. চাপ একটি

ম বো ২০

- I. লব্ধ রাশি
  - II. ভেক্টর রাশি
  - III. স্কেলার রাশি
- নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii  
গ. ii ও iii

খ. i ও iii  
ঘ. i, ii ও iii

৩৭. মৌলিক রাশি—

দি বো ১৬

- I. অন্য রাশির উপর নির্ভর করে না
- II. কালের বিবর্তনে পরিবর্তন হবে না
- III. একটি লব্ধ রাশি

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii  
গ. ii ও iii

খ. i ও iii  
ঘ. i, ii ও iii

৩৮. থামা গড়িতে ব্যবহার হয়—

চ বো ১৫

- I. ক্ষুদ্র সময় পরিমাপের জন্য
- II. মোবাইল ফোনে
- III. ডিজিটাল ঘড়িতে

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii  
খ. i ও iii

গ. ii ও iii

ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকের আলোকে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও :

পিচ ০.৫ মিমি এবং লগিষ্ঠ গনণ ০.০১ মিমি বিশিষ্ট একটি স্ক্রু গজের সাহায্যে তারের ব্যাস ৭.২৮ মিমি পাওয়া গেল ।

যা বো ২০

৩৯. বৃত্তাকার স্কেলের ঘরের সংখ্যা কত ?

ক. ১০০  
গ. ২০

খ. ৫০  
ঘ. ১০

৪০. তারের ব্যাস মাপার জন্য

- I. বৃত্তাকার স্কেলকে ৭ বার ঘুরাতে হবে
  - II. বৃত্তাকার স্কেলকে ১৪ বার ঘুরাতে হবে
  - III. বৃত্তাকার স্কেলের অতিক্রান্ত ঘরের সংখ্যা ৭২৮
- নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii  
গ. ii ও iii

খ. i ও iii  
ঘ. i, ii ও iii

নিচের উদ্দীপকের আলোকে ৪১ ও ৪২ নং প্রশ্নের উত্তর দাও :

দশম শ্রেণীর একজন শিক্ষার্থী ১.৫ মি দৈর্ঘ্যের তক্তাকে উচ্চতা কম বেশি করে থামা ঘড়ির সাহায্যে মার্বেলের পতনের সময় ০. সেকেন্ড ও ০.২ সেকেন্ড নির্ণয় করলো । আবার সে স্লাইড ক্যালিপার্সের ও স্ক্রু গজ নিয়ে দেখলো, ভার্ণিয়য়ার স্কেলের ২০ ভাগ প্রধান স্কেলের ১৯ ভাগের সমান এবং ৫০ ভাগের বৃত্তাকার স্কেলটি এক পাক ঘুরালে রৈখিক স্কেল বরাবর ০.৫ মিমি সরন ঘটে । সে তারের ব্যাস নির্ণয় করে এর ক্ষেত্রফল নির্ণয় কর ।

চ বো ১৯

৪১. মার্বেলের গড় দ্রুতি কত ?

ক. ৩ মি/সে  
গ. ৬.২৫ মি/সে

খ. ৫ মি/সে  
ঘ. ৭.৫ মি/সে

৪২. উদ্দীপকের তথ্যের আলোকে

- I. স্ক্রু গজ স্লাইড ক্যালিপার্সের চেয়ে ৫ গুন বেশি সূক্ষ্ম
- II. তারের ক্ষেত্রফলের পরিমাণ ব্যাসের মানের উপর নির্ভর করে না
- III. লগিষ্ঠ গননের মান ১০ মাইক্রোমিটার

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii  
গ. ii ও iii

খ. i ও iii  
ঘ. i, ii ও iii

ত্রুটিমুক্ত স্লাইড ক্যালিপার্সের সাহায্যে একটি দন্ডের দৈর্ঘ্য মাপার সময়

মূল স্কেলের পাঠ ৫ এবং ভার্ণিয়য়ার সমপাতন ১৬ পাওয়া গেল. মূল স্কেলের ক্ষুদ্রতম ১ ঘরের দৈর্ঘ্য ০.৫ মিমি এবং মূল স্কেলের ১৯ ঘর ভার্ণিয়য়ার স্কেলের ২০ ঘরের সমান ।

সি বো ১৬

উপরের উদ্দীপকের আলোকে ৪৩ ও ৪৪ নং প্রশ্নের উত্তর দাও :

৪৩. ভার্ণিয়য়ার ধ্রুবক কত ?

ক. ০.১ মিমি  
গ. ০.০২৬ মিমি

খ. ০.০২৫ মিমি  
ঘ. ০.২৫ মিমি

৪৪. উদ্দীপকের যন্ত্রটির সাহায্যে

দন্ডটির দৈর্ঘ্য ৫.৪ মিমি হয়

দন্ডটির দৈর্ঘ্য ২.৯ মিমি হয়

সর্বনিম্ন ০.০২৫ মিমি মাপা হয়

ক. i ও ii  
গ. ii ও iii

খ. i ও iii  
ঘ. i, ii ও iii

শুরুত্বপূর্ণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১. বিজ্ঞানের কোন শাখা পদার্থ ও শক্তি নিয়ে আলোচনা করে? (অনুধাবন)
- পদার্থবিজ্ঞান (খ) উদ্ভিদবিজ্ঞান  
 (গ) রসায়ন (ঘ) প্রাণিবিজ্ঞান
২. পদার্থবিজ্ঞানকে প্রধানত কয়টি শাখায় ভাগ করা হয়েছে? (জ্ঞান)
- (ক) ৭টি (খ) ৯টি  
 ● ১০টি (ঘ) ১১টি
৩. লোডস্টোনের 'চৌম্বক ধর্ম' সম্পর্কে কে জানতেন? (জ্ঞান)
- থেলিস (খ) পিথাগোরাস  
 (গ) ডেমোক্রিটাস (ঘ) অ্যারিস্টার্কাস
৪. পরমাণুর প্রাথমিক ধারণা দেন কে? (জ্ঞান)
- (ক) পিথাগোরাস ● ডেমোক্রিটাস  
 (গ) ইবনে সিনা (ঘ) আল হাজেন
৫. ধাতুর ভেজাল নির্ণয়ের কৌশল আবিষ্কার করেন কে? (জ্ঞান)
- (ক) থেলিস (খ) অ্যারিস্টার্কাস  
 (গ) গ্যালিলিও ● আর্কিমিডিস
৬. পদার্থবিজ্ঞানের মূল ভিত্তি কোন নীতিকে বলা হয়? (জ্ঞান)
- শক্তির সংরক্ষণশীলতা নীতি (খ) বল বৃদ্ধিকরণ নীতি  
 (গ) লিভারের নীতি (ঘ) আর্কিমিডিসের নীতি
